# বাংলাদেশ শিপিং কর্পোরেশন
## চট্টগ্রাম

**মন্ত্রণালয়ের নামঃ নৌপরিবহন মন্ত্রণালয় ।**

০১। উদ্ভাবনের শিরোনামঃ **" জাহাজে মালামাল সরবরাহের সেবা সহজীকরন "**

২। কিভাবে যাত্রা শুরু/পটভূমি (৩০০ শব্দের মধ্যে )

পটভূমিঃ

বেশ কিছুদিন আগের কথা। বিএসসি (বাংলাদেশ শিপিং কর্পোরেশন) অফিসে এক লোককে প্রায়ঃশ ঘোরাফেরা করতে দেখতাম। লোকটিকে দেখে কেমন যেন মায়া হতো, বুকের ভেতরে হাহাকার করতো। ভাবলাম, ডেকে জিজ্ঞেস করি- আপনি কে ? কি হয়েছে আপনার ? আবার নিজে নিজেই চমকে উঠতাম। নাহ –যদি কিছু মনে করে লোকটি। তবুও একদিন সব সঙ্কোচ দূর করে লোকটিকে জিজ্ঞেস করলাম – কে আপনি? কি হয়েছে আপনার ? কেন আপনি বিএসসি অফিসে ঘোরাঘুরি করেন? লোকটি একটি দীর্ঘশ্বাস ফেলে বলল- আমার নাম মোসলেম উদ্দিন। আমি বিএসসি'র জাহাজে মালামাল (বিভিন্ন স্টোর্স) সরবরাহ করেছি। বললাম – তার মানে আপনি একজন সাপ্লায়ার (সরবরাহকারী)। মাথা নেড়ে লোকটি হ্যাঁ সুচক উত্তর দিল।

তাকে কিভাবে সহযোগীতা করা যায় এ বিষয়ে আমরা ৪/৫ জন কর্মকর্তা ভাবনা শুরু করলাম । হঠাৎ করেই মেঘ না চাইতে বৃষ্টির মত ডাক এলো প্রধানমন্ত্রীর কার্যালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে বাস্তবায়িত প্রকল্প a2i প্রজেক্টের এক ওয়ার্কশপের। তখন আমরা মহাব্যবস্থাপক (প্রশাসন) স্যার এর অনুপ্রেরণায় এবং সহযোগীতায় নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করে আলোচ্য শিরোনামে একটি পাইলট প্রকল্প প্রস্তুত করিঃ

| | |
|---|---|
| জনাব মো.আমিনুল ইসলাম( সঃমঃব্যঃ) | - টিম লিডার |
| বেগম দিল মাহফুজা তাহের( সঃমঃব্যঃ) | - টির এর সদস্য |
| জনাব শেখ হাসানুল বান্না( সঃমঃব্যঃ) | - টির এর সদস্য |
| জনাব মো.মহিউল ইসলাম( সঃমঃব্যঃ) | - টির এর সদস্য |
| জনাব রয়েল দত্ত(সুপারিনটেনডেন্ট) | - টির এর সদস্য |

আলোচ্য প্রকল্পে যে সকল চ্যালেঞ্জ আমরা মোকাবেলা করেছি তা নিম্নরুপঃ

ডাকযোগে চাহিদাপত্র প্রেরণ ও যাচাই-বাছাইকরণে বিলম্ব, ম্যানুয়েল পদ্ধতিতে নথি উপস্থাপন, অনুমোদনে বিলম্ব এবং প্রচলিত পদ্ধতিতে দরপত্র প্রক্রিয়াকরনে বিলম্ব হওয়ায় সরবরাহকারী মালামাল (ষ্টোর্স/স্পেয়ার পার্টস ও অন্যান্য) সরবরাহে অনাগ্রহ প্রকাশ করে যার ফলে জাহাজে যথা সময়ে মালামাল সরবরাহ করা সম্ভব হয়না। ফলশ্রুতিতে জাহাজের বাণিজ্যিক সূচীর বিঘ্ন ঘটে। সর্বোপরি সংস্থার ভাবমূর্তি ক্ষুন্নসহ আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়।

বর্ণিত সমস্যাসমুহ সমাধান কল্পে আমরা নিম্নোক্ত পদক্ষেপ গুলো গ্রহণ করেছিলামঃ

- ✓ শ্রেণীভিত্তিক সরবরাহকারীর ডাটাবেইজ তৈরি;
- ✓ সংশ্লিষ্ট বিভাগসমূহে ই-মেইলের ব্যবহার ;
- ✓ সংশ্লিষ্ট বিভাগসমূহে ই-নথির ব্যবহার;
- ✓ দরপত্র প্রক্রিয়াকরণে অনলাইন পদ্ধতির ব্যবহার;
- ✓ হিসাব বিভাগে অনলাইন পেমেন্ট সিস্টেম চালুকরন;
- ✓ **এসএমএস** এর মাধ্যমে তা সরবরাহকারীকে অবহিতকরণ।

প্রকল্পটি বাস্তবায়নে চ্যালেঞ্জ মোকাবেলায় আমরা পাইলট আকারে বাস্তবায়নের শুরুতে প্রকল্প সংশ্লিষ্ট সকল বিভাগের সাথে সময়ে সময়ে সভা করে মতবিনিময় করি। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে প্রকল্পটি কিভাবে বাস্তবায়ন করা যায় তার একটি পদ্ধতি আমরা ঐক্যবদ্ধ ভাবে বের করি। এক্ষেত্রে নতুন সেবাদান পদ্ধতিটি বুলেট পয়েন্ট আকারে নিম্নে উপস্থাপিত হলোঃ

## নতুন সেবাদান পদ্ধতিঃ

- ✓ **জাহাজ হতে অনলাইনে প্রাপ্ত চাহিদাপত্র জাহাজ মেরামত বিভাগ কর্তৃক যাচাই-বাছাইকরন**
- ✓ **বাছাইকৃত চাহিদাপত্রটি শিপ স্টোর্স ম্যানেজমেন্ট বিভাগ কর্তৃক অনুমোদনের জন্য ই-নথিতে উপস্থাপন**
- ✓ **সংশ্লিষ্ট সরবরাহকারীর ডাটাবেইজ হতে তথ্য সংগ্রহপূর্বক অনলাইনের মাধ্যমে দরপত্র আহবান কার্যক্রম সম্পন্নকরণ**
- ✓ **দরপত্র মূল্যায়ন শেষে কর্তৃপক্ষ/ HOPE কর্তৃক ই-নথিতে চূড়ান্ত অনুমোদনের পর অনলাইনে সরবরাহকারীকে কার্যাদেশ প্রদান**
- ✓ **সন্তোষজনক সরবরাহ শেষে অনলাইনের মাধ্যমে ডেলিভারী চালান গ্রহণপূর্বক সংশ্লিষ্ট বিভাগে বিল দাখিল**
- ✓ **শিপ স্টোর্স ম্যানেজমেন্ট বিভাগ কর্তৃক চূড়ান্ত অনুমোদন লাভের পর বিল পরিশোধের নিমিত্তে হিসাব বিভাগে প্রেরণ**
- ✓ **হিসাব বিভাগ কর্তৃক অনলাইনে বিল পরিশোধপূর্বক সরবরাহকারীকে এসএমএস এর মাধ্যমে অবহিতকরণ**

বর্ণিত প্রকল্পটি পাইলট আকারে চলমান আছে।এটি টেকসই করনের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে আশা করা যায়।

৩। জাহাজে মালামাল সরবরাহের সেবা সহজীকরণ প্রকল্পটি বিএসসি'র সাথে সংশ্লিষ্ট সরবরাহকারী এবং জাহাজে কর্মরত কর্মকর্তা ও নাবিকগণ এই প্রকল্পের সুবিধা ভোগ করছেন। এক্ষেত্রে উল্লেখযোগ্য ভাবে বলা যায় যে, বিএসসি'র জাহাজে মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠানসমুহ (আনুমানিক ২৫টি) এর সুফল ভোগকারী। উক্ত প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট সকল কর্মচারীবৃন্দ এবং জাহাজে মালামাল পৌছে দেয়ার সময় ব্যবহৃত যানবাহন, নৌকা এবং স্পীড বোঁট এর শ্রমিকবৃন্দ কর্মসম্পাদনে অংশগ্রহণ করেছেন বিধায় তারা স্ব স্ব ক্ষেত্রে তাদের শ্রমের মূল্য

পাওয়ায় তারা সকলেই আর্থিক সুবিধা ভোগকারী। এক্ষেত্রে আমরা বলতে পারি যে, প্রকল্প সংশ্লিষ্ট সকল শ্রেণী পেশার মানুষের মাঝে তারল্য সরবরাহ বৃদ্ধি পাওয়ায় তাদের জীবন মানে পরিবর্তন এসেছে।

প্রকল্পটি যথাযথভাবে বাস্তবায়িত হলে দীর্ঘ কালক্ষেপনের পরিবর্তে স্বল্প সময়ের মধ্যে জাহাজে মালামাল সরবরাহের কার্যক্রম সম্পন্ন হবে। সেক্ষেত্রে সরবরাহকারীগণ জাহাজে মালামাল (ষ্টোর্স/স্পেয়ার পার্টস, খাদ্য সামগ্রী ও অন্যান্য) সরবরাহে আর অনাগ্রহ প্রকাশ না করে জাহাজে যথাসময়ে মালামাল সরবরাহ সম্পন্ন করবেন। ফলশ্রুতিতে মালামাল সরবরাহ যথাসময়ে সম্পন্ন হলে জাহাজে বাণিজ্যিক সূচীর বিঘ্ন ঘটবে না। সংস্থার ভাবমূর্তি উজ্জ্বল হবে এবং সংস্থা আর্থিকভাবে লাভবান হবে মর্মে আশা করা যায়।

৪। উপকার ভোগী বা অংশীগণের প্রতিক্রিয়া অনুভূতি

আলোচ্য প্রকল্প যখন বাস্তবায়নের জন্য মতবিনিময় সভা করা হয় তখন সংশ্লিষ্ট বিভাগ, বিভাগীয় প্রধানগণ এবং সরবরাহকারী প্রতিষ্ঠান সমূহের স্বত্বীধীকারী সকলেই উপস্থিত ছিলেন। এই বিষয়ে ইনোভেশন অফিসার মহোদয় এবং প্রকল্প সংশ্লিষ্ট টিম বিস্তারিতভাবে সকলের সামনে প্রকল্পটি উপস্থাপন করেন। উপস্থাপনের সময় টিম লিডার উপকরণ: ১৩ অনুসারে প্রকল্পের রোডম্যাপ/মাইলষ্টোন বর্ণনা করেন। তখনই সংশ্লিষ্ট সরবরাহকারীবৃন্দ খুবই উৎসাহিত হন এবং যথাসময়ে কার্যক্রম সম্পাদন করবেন মর্মে সকলে অঙ্গীকার করেন।

পরবর্তীতে পাইলট প্রকল্পটি চালু হলে তারা যথাসময়ে তাদের সরবরাহের বিল পাওয়ায় তারা অত্যন্ত আনন্দিত। বিভিন্ন স্টেজে সময় কম লাগায়, তাদের বিএসসি অফিসে ভিজিট কমে যাওয়ায় এবং অনলাইন ব্যাকিং সুবিধার মাধ্যমে বিল পরিশোধ হওয়ায় তারা অত্যন্ত আবেগ আপ্লুত। ইতোপূর্বে তারা চিন্তাও করেনি যে, তাদের সরবরাহের বিল বিএসসি অফিসে না এসে তারা স্ব স্ব একাউন্টে পেয়ে যাবেন। সর্বপরি সংশ্লিষ্ট সরবরাহকারী জানান যে, এই প্রকল্প বাস্তবায়নের ফলে তাদের ভোগান্তি লাঘব হয়েছে। খুব স্বল্প সময়ে কম ভিজিটে তাদের বিল তারা নিজেদের একাউন্টে পরিশোধিত হচ্ছে। ফলশ্রুতিতে তারা সরবরাহের প্রতি আগ্রহী হয়েছেন এবং সংশ্লিষ্ট সরবরাহ যাতে করে যথাসময়ে সম্পাদন করার জন্য তারা অঙ্গীকারাবদ্ধ হয়েছেন। সরবরাহকারীর ব্যাক্ত এই অনুভূতি ইনোভেশন টিমকে তাদের ইনোভেশন কার্যক্রম গ্রহণে আরও উৎসাহিত করেছেন।


৫। টিসিভি/গ্রাফ/ছবি /ভিডিও

আলোচ্য প্রকল্প বাস্তবায়নের ফলে প্রত্যাশিত ফলাফল T(টাইম) C(কাষ্ট) V (ভিজিট) অর্থাৎ TCV এর আলোকে আমরা এর পরিবর্তন নিম্নে ছকের মাধ্যমে পরিদর্শন করা হলো :

| | সময় | খরচ | যাতায়াত |
|---|---|---|---|
| আইডিয়া বাস্তবায়নের আগে | ৩৫ দিন | ৬,৫০০.০০ টাকা | ১২ বার |
| আইডিয়া বাস্তবায়নের পরে | ১৫ দিন | ২,৫০০.০০ টাকা | ০২ বার |
| আইডিয়া বাস্তবায়নের ফলে সেবাগ্রহিতার প্রত্যাশিত বেনিফিট | **২০ দিন** | **৪,০০০.০০ টাকা** | **১০ বার** |

**অন্যান্য সুবিধা :** ১. জাহাজের বাণিজ্যিক সূচির বিঘ্ন হবে না ফলশ্রুতিতে সংস্থা আর্থিকভাবে সাশ্রয়/লাভবান হবে।
২. সরবরাহকারীরা বিএসসি সম্পর্কে ভালো ধারণা পোষণ করাসহ মালামাল সরবরাহে আগ্রহী হবে।
৩. বিএসসির সুনাম বৃদ্ধি পাবে।

এ সংক্রান্ত ছবি সমুহঃ



ইনোভেশন প্রজেক্ট পাইলটিং এ মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন



প্রকল্প বাস্তবায়ন বিষয়ক ইনোভেশন কমিটির সভা



ইনোভেশন ওয়ার্কশপ এর বিএসসি টিমের ফিল্ড ভিজিট



ইনোভেশন কমিটির মাসিক সভা

৬। ইস্তাবন ও বাস্তবায়ন টিমঃ

| সদস্য/সদস্যদের নাম ও ঠিকানা | ছবি |
|---|---|
| জনাব মো.আমিনুল ইসলাম( সঃমঃব্যঃ)- টিম লিডার |  |
| বেগম দিল মাহফুজা তাহের( সঃমঃব্যঃ)-টির এর সদস্য |  |
| জনাব রয়েল দত্ত(সুপারিনটেনডেন্ট)- টির এর সদস্য | |

মোঃআমিনুল ইসলাম
সহকারী মহাব্যবস্থাপক(অপাঃ)
ও
ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা

মোঃ হাবিবুর রহমান
নির্বাহী পরিচালক(অর্থ)
ও
চীফ ইনোভেশন অফিসার